পুবের কলম
epaper.puberkalom.com

...অভিমত

# বিভেদ থাকলে ক্ষতি সবার, না বুঝলেই বিপদ

গত ২০ মার্চ পুবের কলম-এ প্রকাশিত 'হিন্দু মুসলিম বিভেদ হলে ক্ষতি সবার, বহিরাগত অপপ্রচার বনাম নৃতাত্ত্বিক বাস্তবতা' শিরোনামে যুবায়ের হোসেনের নিবন্ধটি সময়োপযোগী। ইসলামের উত্থান হয় আরবে চৌদ্দশত বছর পূর্বে। সারা পৃথিবীতে সে সময় ভৌগোলিক মানচিত্রে দেশ বলে কিছু ছিল না। এক-একটা ভূখণ্ডে মানুষ একত্রিত হয়ে বসবাস করত। ইসলাম ধর্মের বাণী নিয়ে নানা মনীষী পৃথিবীর নানা প্রান্তে গিয়েছেন। বিশেষত আরবীয় ভূখণ্ডের পার্শ্ববর্তী এলাকায় তা ব্যাপকতা লাভ করে। স্বাভাবিক ভাবেই ভারতীয় উপমহাদেশে ইসলামের শ্বাশত বাণী নিয়ে ধর্মপ্রচারকরা আসেন। এদেশীয় মানুষ পরিত্রাণ পেতে ইসলাম গ্রহণ করে। মূলত সাম্যের বাণীর উপর ভর করে ইসলামের বিজয় কেতন ওড়ে। এদেশীয় সমাজের নিম্নবর্গের মানুষ ইসলাম গ্রহণ করে বেশি। ধর্মপ্রচারে সুফি সাধকরা প্রভাব বিস্তার করেন। ইসলামের অন্তর্নিহিত অর্থ সর্বসাধারণের মধ্যে প্রচার করেন সুফি সাধকরা। কিন্তু আজকের দিনে দাঁড়িয়ে একদল মানুষ আছে যারা সরাসরি ইসলাম ধর্মের অনুসারীদের 'বিদেশি' বলার একটা অপচেষ্টা চালাচ্ছে। ইতিহাস অনুযায়ী এই কথার মধ্যে কোনও সারবত্তা নেই। সারা পৃথিবীতে অগুনিত ধর্ম আছে, সেইসঙ্গে সব ধর্মের অনুসারীও আছে। যে যার মতো করে ধর্ম পালন করবে। কোনও ধর্মের প্রতি অসহিষ্ণুতা, বিরাগভাজন না হলেই হল।

ধর্মের নামে বিভাজনের রাজনীতি বর্তমান সময়ে আমরা লক্ষ করছি। এর ফলে আমাদের আসল উদ্দেশ্য সাধিত হচ্ছে না। সাধারণ মানুষের মধ্যে নানা ধরনের সমস্যা আছে। মানুষের ন্যূনতম প্রয়োজন মিটছে না, অথচ আমরা ধর্ম নিয়ে রাজনীতি করছি। আমারা যত ধর্ম নিয়ে বিভেদ সৃষ্টি করব, তার থেকে বহু গুন বেশি ক্ষতিগ্রস্ত হব। লেখক এই বিষয়টি সুচারুভাবে বিশ্লেষণ করেছেন।

সৈয়দ সাদিক ইকবাল, সিমলা, দক্ষিণ ২৪ পরগনা

# আইনজীবী রিজওয়ানা বেগমের সাক্ষাৎকার প্রসঙ্গে

সোমবার পুবের কলম-এ বিশিষ্ট আইনজীবী রিজওয়ানা বেগম-এর সাক্ষাৎকারটি পড়লাম। তাঁর কাছ থেকে অনেক কিছু জেনে সমৃদ্ধ হলাম। তিনি কলকাতা হাইকোর্টের আইনজীবী, এ কথার উল্লেখ না থাকলেও, আমি জানি তিনি ৪নং বার-এ বসেন। তিনি বহু গরিব, অসহায় মানুষকে আইনি সহায়তা দিয়েছেন সম্পূর্ণ বিনা পয়সায়। আইনজীবী রিজওয়ানা বেগম আর পাঁচজন আইনজীবীর মতো মোটেই নন, তিনি দুস্থ-অসহায় মানুষ, যাঁরা আইনি সমস্যায় জড়িয়েছেন, এমন অনেককেই রক্ষা করেছেন বলে শুনেছি। পুবের কলম-এর সাক্ষাৎকারটি, যার শিরোনাম 'নিষ্ঠার সঙ্গে কাজ করলে আইনি পেশায় মিলবে সাফল্য'— পড়ে অনেকেরই ইচ্ছা হবে তাঁর সঙ্গে যোগাযোগ করে পরামর্শ নিতে। দীর্ঘদিন ধরে পরিচয়ের সুবাদে কলকাতা হাইকোর্টের আইনজীবী রিজওয়ানা বেগম-এর যোগাযোগ নম্বর আমার কাছে আছে। অন্যদের সুবিধার জন্য নম্বর দু'টি উল্লেখ করলাম— ৮০১৩৩২৪৯৪৯ এবং ৮৪২০৫৭১২২২।

সনাতন পাঠক, কলকাতা-১৩১